

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.০৬.১৪৪.১৩. ৫০৭

তারিখঃ ০৫/০৮/২০১৯ খ্রিঃ

বিষয় : পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.০২২.১৯.৩১১ তারিখ : ১৬মে ২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন আঞ্চলিক পরিচালকের কার্যালয়ের কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য এবং সরকারি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং বিষয়ক নির্দেশনা প্রদান করা হয়। কারিগরি শিক্ষার গুনগত মান অক্ষুণ্ন রাখতে মাঠ পর্যায়ে পরিদর্শন কার্যক্রম জোরদার করণ আবশ্যিক। প্রমাপ মোতাবেক প্রতিমাসে আঞ্চলিক পরিচালক ৮টি (অতিরিক্ত দায়িত্বের ক্ষেত্রে ২টি), পরিদর্শক/আঞ্চলিক পরিদর্শক ১০টি (অতিরিক্ত দায়িত্বের ক্ষেত্রে ৫টি), সহকারি পরিচালক (প্রশিক্ষণ) ২টি, সহকারি আঞ্চলিক পরিদর্শক ১২টি প্রতিষ্ঠান পরিদর্শন করবেন। নির্দেশনার প্রেক্ষিতে বিভিন্ন আঞ্চলিক অফিসের আওতায় কর্মকর্তাগণ পরিদর্শন করলেও তার প্রতিবেদন যথাসময়ে প্রধান কার্যালয়ে পাওয়া যায় না। ফলে প্রধান কার্যালয় কর্তৃক মনিটরিং এর ক্ষেত্রে সমস্যা হচ্ছে।

এমতাবস্থায় নিম্নোক্ত ছক মোতাবেক তথ্যাদি প্রতি মাসের ৭ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরে ই-মেইলে (dte.piw@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্য বলা হলো।

‘ছক’

আঞ্চলিক কার্যালয়ের নাম :

বিবেচ্য মাসের নাম :

অঞ্চল	জেলার নাম	পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম	ধরণ	পরিদর্শনের তারিখ	পরিদর্শনকারী কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নং	পরিদর্শনকৃত প্রতিষ্ঠান প্রধানের নাম ও মোবাইল নম্বর	মন্তব্য

(এস এম ফেরদৌস আলম)
যুগ্ম সচিব

ও
পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পিআইইউ/পরিদর্শন ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি. সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।